ভোরের কাগজ

তারিখ ... পৃষ্ঠা ৭ কলাম ...

SEP 18 2002

## উপবৃত্তি থেকে বঞ্চিত ১০ হাজার ছাত্রী

শিক্ষা মন্ত্রণালয়াধীন মাধ্যমিক শিক্ষাখাত মানোন্নয়ন প্রকল্পের আওতায় ২০০২ শিক্ষাবর্ষে প্রায় অর্ধ শতাধিক প্রতিষ্ঠানের ১০,০০০ দশ হাজার ছাত্রীকে উপবৃত্তি থেকে বাদ দেওয়া হয়েছে।

বিশ্বস্তসূত্রে জানা যায় এ কর্মকর্তার খামখেয়ালি ও স্বেচ্ছাচারিতা এবং উদাসীনতার কারণে ২০০২ শিক্ষাবর্ষে উল্লিখিত সংখ্যক ছাত্র উপবৃত্তি থেকে বঞ্চিত হয়েছে। জাতীয়ভিত্তিক ছাত্রী উপবৃত্তি ৪টি প্রকল্পের মাধ্যমে দেশব্যাপী ৪৬০টি উপজেলায় কার্যক্রম অব্যাহত রয়েছে। তন্মধ্যে ৩টি প্রকল্পের আওতাভুক্ত উপজেলাসমূহে উপবৃত্তি বিতরণ কার্যক্রম সম্পন্ন হয়েছে। কিন্তু মাধ্যমিক শিক্ষাখাত মানোন্নয়ন প্রকল্পের এক কর্মকর্তার স্বেচ্ছাচারিতা ও অদক্ষতার কারণে ২০০২ শিক্ষা বর্ষে ১ম কিস্তির উপবৃত্তির টাকা মাঠ পর্যায়ের বিতরণ অনিশ্চিত হয়ে পড়েছে।

গ্রামাঞ্চলের সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে অধ্যয়নরত ছাত্রীদের মধ্যে হতাশা দেখা দিয়েছে। ছাত্রীরা উপবৃত্তির টাকা দিয়ে কাগজ-কলম-কালি ইত্যাদি শিক্ষা উপকরণ ক্রয় করে থাকে। উপবৃত্তির অনিশ্চয়তার কারণে কতিপয় প্রতিষ্ঠান ছাত্রীদের কাছ থেকে বেতন আদায় করা শুরু করেছে। বিষয়টি নিরসনের লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

প্রধান শিক্ষক
জিসিজি উচ্চ বিদ্যালয়
কাজিপুর, সিরাজগঞ্জ।